



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০১৫.১১.০৩০.২১-৩১৬

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯
২৯ মে ২০২২

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০২ ডিসেম্বর ২০২০ তারিখের ৮০.০০.০০০০.১১১.১১.০১১.২০১৯-১৩২ নং পত্রের সুপারিশক্রমে নিম্নোক্ত ০১ (এক) জন-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯ অনুযায়ী ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে 'উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা' পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ করা হইলঃ

ক্রমিক নং	পিএসসি কর্তৃক প্রেরিত মেসার্স	রেজিস্ট্রেশন নম্বর	নাম	পিতার নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
১	৭	০৬০৭৪০	মোঃ আব্দুর রকিব	মোঃ রুহুল আমীন	গ্রাম-চর কাদাই, ডাকঘর-শ্রীফলতলা (৬৭৭০), উপজেলা- শাহাজাদপুর, জেলা- সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ

- (ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণের পূর্বে বা পরে তঁহাকে অন্য যেকোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;
- (খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তঁহাকে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;
- (গ) উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা পদে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তঁহাকে চাকরি হইতে অপসারণ করা যাইবে;
- (ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং যদি শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয়, তাহা হইলে তঁহাকে চাকরিতে স্থায়ী করা হইবে;
- (ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি আপনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তঁহাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;
- (চ) যদি তঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বোশাল অ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;
- (ছ) তঁহার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হইবে;
- (জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;
- (ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তঁহার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তঁহার চাকরি নিয়ন্ত্রিত হইবে;
- (ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

D:\UEO Recruit_2017\Upazilla Election Officer's Appointment Letter of 2018.docx

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd